

## হলো-ব্লকের দেয়ালে ইলেক্ট্রিক্যাল/পানির লাইন বসানোর নিয়ম

### প্রাথমিক নির্দেশনা


- হলো-ব্লকের বিশেষ গুণ হল দেয়াল না কেটে অতি সহজেই ইলেক্ট্রিক্যাল কনসিল ওয়্যারিং এবং সেনেটারী পাইপ বসানো যায়। তবে কিছু নিয়ম মেনে এই কাজ করতে হয়।
- বিল্ডিং এর ইলেক্ট্রিক্যাল এবং পানির সাপ্লাই লাইন ড্রয়িং অনুযায়ী বসাতে হবে। তাই বিল্ডিং বা স্থাপনার ইলেক্ট্রিক্যাল এবং পানি/সেনেটারী লাইন এর ড্রয়িং ভাল করে দেখে ও বুঝে নিন।
- হলো-ব্লকের দেয়ালে ইলেক্ট্রিক্যাল এবং পানির লাইন ওয়াল কন্সট্রাকশন কাজের সময়ই করে নিতে হয়। তাই ইলেক্ট্রিক মিস্ট্রি এবং রাজমিস্ট্রির একসাথে কাজ করার সমন্বয় আবশ্যিক। ইহা আপনাকে পরবর্তীতে দেয়াল কাটা বা ভাঙার হাত থেকে রক্ষা করবে।
- ব্লক কাটার জন্যে অবশ্যই কাটার মেশিন ব্যবহার করবেন।

## খাড়াভাবে লাইন বসানোর নিয়মঃ

- খাড়াভাবে (vertical) লাগানো ইলেক্ট্রিক্যাল তারের লাইন (সাধারণত PVC কনডুইট) ড্রয়িং পজিশন অনুযায়ী ব্লকের হোল বরাবর (ফাঁকা স্থানে) বসান। ব্লক গাঁথার সময়ই এই কাজ করতে হবে।
- ব্লক ওয়াল এর হোল পজিশন একই লাইনে আছে কিনা আছে কিনা চেক করে নিন যাতে পাইপ খাড়াভাবে স্থাপন করতে কোন সমস্যা না হয় ।



**ecoplanet**




 [ecoplanet.com.bd](http://ecoplanet.com.bd)


## আড়াআড়ি লাইন বসানোর নিয়মঃ

- আড়াআড়ি (অনুভূমিক) ভাবে পাইপ বসাতে হলে ছবির মত করে ব্লকের রিব/ওয়েব কেটে পাইপ বসান। ব্লক বসানোর আগেই এই ব্লক গুলির রিব/ওয়েব কেটে নিন (নিচে বিশদভাবে চিত্রায়িত করা হলো)।
- অনুভূমিক ভাবে পাইপ বসানো একটু সময়সাপেক্ষ ব্যাপার এবং সাবধানতার সাথে কাজ করতে হবে।

ecoplanet



## ইলেকট্রিক বক্স এবং পাইপ বসানোর চিত্র



১। ইলেক্ট্রিক্যাল বক্স এর সাইজ অনুযায়ী মার্কিং করে কাটার মেশিন দিয়ে কেটে নিন।



২। আঠা বা গাম (যেমন লকটাইট) দিয়ে বক্স ভালভাবে ফিল্ডিং করে নিন।



৩। অনুভূমিক ভাবে পাইপ বসানোর জন্যে ব্লকের রিব/ওয়েব গুলি পাইপ এর সাইজ অনুযায়ী কাটার মেশিন দিয়ে কেটে নিন।



৪। খাড়া এবং আড়াআড়ি ভাবে ড্রয়িং অনুযায়ী ইলেক্ট্রিক কনডুইট বা পানির লাইন বসিয়ে নিন।



৫। বক্স এবং পাইপ সেটিং করার পর চিত্র।



৬। দেয়ালের কাজ কমপ্লিট হওয়ার পর যথারীতি ইলেক্ট্রিক্যাল ক্যাবল টেনে নিন।

উপরোক্ত নির্দেশাবলীগুলো মেনে চললে বিল্ডিংয়ের নির্মাণকালে ইলেক্ট্রিক্যাল ও সেনেটারী সিস্টেম সঠিকভাবে ইন্সটল করা যাবে এবং ভবিষ্যতে যেকোনো রকম মেরামত বা পরিবর্তনের কাজ সহজ হবে।